দৈনিক ইনকিলাব
তারিখ 30 JAN 2006
পৃষ্ঠা ১২ কলাম ১

# যশোর পলিটেকনিকে ছাত্রদলের ২ গ্রুপের সংঘর্ষে আহত ১৫

যশোর ব্যুরো

অভ্যন্তরীণ কোন্দলে গতকাল (রবিবার) যশোর পলিটেকনিক কলেজ ক্যাম্পাসে জাতীয়তাবাদী ছাত্রদলের দুই গ্রুপের মধ্যে ধাওয়া-পাল্টা ধাওয়া ও সংঘর্ষে উভয়পক্ষের অন্তত ১৫ জন আহত হয়েছে। সংঘর্ষের এক পর্যায়ে কলেজ ক্যাম্পাসে ভাঙচুর হয়েছে। আহতদের মধ্যে যশোর ২৫০-বেড হাসপাতালে ভর্তি করা হয়েছে ১০ জনকে। বাকিরা প্রাথমিক চিকিৎসা নিয়েছে। কলেজে চরম উত্তেজনা বিরাজ করছে। আজ (সোমবার) কলেজ বন্ধ করা হবে কিনা তা নিয়ে শিক্ষক পরিষদ জরুরী বৈঠক করবে। কলেজ কর্তৃপক্ষ বলেছে, আগামী ১৫ ফেব্রুয়ারী ২-এর পৃঃ ৮-এর কঃ দেখুন

## যশোর পলিটেকনিকে ছাত্রদলের

১২-এর পৃষ্ঠার পর

কলেজের ছাত্র সংসদ নির্বাচনকে কেন্দ্র করে জাতীয়তাবাদী ছাত্রদলের দুই গ্রুপের মধ্যে সংঘর্ষ হয়। কলেজ ক্যাম্পাসে অতিরিক্ত পুলিশ মোতায়েন করা হয়েছে। ছাত্রদলের দুই গ্রুপ একে অপরকে দায়ী করেছে। উভয়পক্ষ বহিরাগত ভাড়াটে সন্ত্রাসী এনে হামলা চালানোর দাবী করেছে। সংঘর্ষের ব্যাপারে কোন মামলা হয়নি। কেউ আটক হয়নি। অভিযোগ, কলেজ ক্যাম্পাসে পুলিশ থাকলেও সংঘর্ষের সময় তারা নিশ্চুপ ছিল রহস্যজনক কারণে। পলিটেকনিক কলেজ ক্যাম্পাসের সংঘর্ষের জের ধরে শহরেও দুই গ্রুপের মধ্যে পুনরায় সংঘর্ষ বাধতে পারে বলে আশংকা করা হচ্ছে।

পুলিশ, কলেজ কর্তৃপক্ষ ও প্রত্যক্ষদর্শী সূত্রে জানা গেছে, গতকাল সকাল ১১টার দিকে ছাত্র সংসদ নির্বাচনের প্যানেল দেয়া ও একজন ছাত্রকে বহিষ্কারের ঘটনাকে কেন্দ্র করে জাতীয়তাবাদী ছাত্রদলের দুই গ্রুপের মধ্যে মিছিলের প্রস্তুতিকালে ঘুষোঘুষি, ধাওয়া-পাল্টা ধাওয়া ও সংঘর্ষ বেধে যায়। সংঘর্ষে আহতদের মধ্যে জসিম উদ্দীন (২১), জামান (২০), নূর মোহাম্মদ (২১), শাওন (১৮), আব্দুল্লাহ আল মারুফ (২১), মোজাফফর হোসেন (২০), সুমন (২০), হাসান (২২), আওরঙ্গ (২১) ও শফিউল আলমকে (২২) যশোর ২৫০ বেড হাসপাতালে ভর্তি করা হয়েছে। সংঘর্ষে লাঠি ও ছুরি-চাকু ব্যবহার করা হয়। এক পক্ষ আরেক পক্ষের ওপর নিক্ষেপ করে ইট-পাটকেল। জাতীয়তাবাদী ছাত্রদলের অভ্যন্তরীণ কোন্দলে জড়িয়ে পড়ে জাতীয়তাবাদী যুবদলের একটি গ্রুপ। তারা একটি পক্ষ নিয়ে পেশী শক্তি প্রদর্শন করেছে বলে জানা গেছে। একটি সূত্র জানায়, জেলা জাতীয়তাবাদী ছাত্রদলের দুই গ্রুপের কোন্দলের বহিঃপ্রকাশ ঘটে মূলত গতকাল পলিটেকনিক কলেজে। ওই কলেজের ছাত্রদলের এক গ্রুপকে জেলা ছাত্রদলের এক গ্রুপ ও যুবদলের একটি গ্রুপ যৌথভাবে প্রতিপক্ষ গ্রুপের